দৈনিক সংবাদ

তারিখ JAN. 24.2000
পৃষ্ঠা ১২ কলাম ৭

৪

# 'কম নম্বর' দেয়ায় বিএম কলেজে ভাঙচুর

বরিশাল থেকে জেলা বার্তা পরিবেশক ঃ রোববার সকালে সরকারি বিএম কলেজের ইংরেজি বিভাগের কিছুসংখ্যক বিক্ষুব্ধ ছাত্র বিভাগের আসবাবপত্র ভাঙচুর করে। তারা এক শিক্ষককে আটকে রাখে ও বোমা ফাটায়।

১৯৯৮ সালে অনুষ্ঠিত বিশেষ অনার্স পরীক্ষায় কলেজের ৩২ জন ছাত্রছাত্রী ইংরেজি সাহিত্যে পরীক্ষা দেয়। রোববার এদের ফল প্রকাশিত হয়। ফলাফল দেখে ছাত্ররা ক্ষুব্ধ হয়ে বিভাগের চেয়ার টেবিল দোতলা থেকে নিচে ফেলে দেয় ও ভাঙচুর করে। পরে তারা বিভাগীয় সাবেক প্রধান ও সহযোগী অধ্যাপক হেমায়েত হোসেনকে কক্ষে এক ঘণ্টা তালাবদ্ধ করে রাখে।